# প্রচলিত শিক্ষা বিঘ্নিত/অসঙ্গতি রয়েছে এমন শিক্ষার্থীদের (Students with Interrupted/Inconsistent Formal Education (SIFE)) জন্য লিখিত মূল্যায়ন স্ক্রিনিংয়ের নির্দেশনা

## লিখিত মূল্যায়ন স্ক্রিনিংয়ের নির্দেশনা

এই মাতৃ বা প্রাথমিক ভাষার লিখিত মূল্যায়ন করার উদ্দেশ্য হলো দ্রুত শিক্ষার্থীদের লেখার প্রাথমিক দক্ষতা এবং প্রচলিত শিক্ষা বিঘ্নিত/অসঙ্গতি রয়েছে এমন শিক্ষার্থীদের শনাক্ত করা (SIFE)। পরীক্ষাটি কোনো গ্রুপের মধ্যে করা যাবে এবং শিক্ষার্থীদেরকে তাদের লেখা সম্পূর্ণ করার জন্য সর্বোচ্চ 15 মিনিট সময় দেওয়া হবে।

## পরিচালনার নির্দেশনা:

মূল্যায়ন শুরুর আগে, আপনি যদি ইতিমধ্যেই না জানেন তাহলে শিক্ষার্থীর মাতৃ বা প্রাথমিক ভাষা শনাক্ত করুন। ইংরেজি ছাড়াও মূল্যায়নটি নিম্নলিখিত ভাষায় প্রদান করা হবে:

- স্প্যানিশ
- আরবি
- বাংলা
- হাইতিয়ান ক্রেওল
- চীনা
- উর্দু
- মাই মাই
- সিগউ কারেন

1. যদি কোনো শিক্ষার্থী উপরে উল্লিখিত নয় এমন ভাষায় লিখতে সক্ষম হন, তাহলে শিক্ষার্থী ইংরেজি প্রম্পট (মাতৃ বা প্রাথমিক ভাষার মৌখিক নির্দেশবলীর মাধ্যমে) ব্যবহার করে সেই ভাষায় লিখতে পারে। যদি শিক্ষার্থীর কোনো লিখিত ভাষা না থাকে তাহলে তাদের 'ড্র রেসপন্স' নির্দেশ ব্যবহার করে প্রতিক্রিয়া অঙ্কন করতে অনুরোধ করতে উৎসাহিত করা হবে। আকাঁ প্রতিক্রিয়ার কোনো গ্রেড দেওয়া হবে না কিন্তু এর জন্য শিক্ষার্থী সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারবেন।

2. নির্দেশক শিক্ষার্থীর প্রাথমিক বিবরণ ক্ষেত্রসমূহ (নাম, আসার তারিখ, ভর্তির তারিখ ইত্যাদি) পূরণ করতে পারেন। যে কোনো মৌখিক নির্দেশনা শিক্ষার্থীর মাতৃ বা প্রাথমিক ভাষায় দিতে হবে।

3. শিক্ষার্থীদের জানান যে তাদেরকে তাদের মাতৃ ভাষায় বা প্রাথমিক ভাষায় একটি গল্প লিখতে হবে। তাদেরকে জানান যে এটি কোনো পরীক্ষা নয়, কিন্তু আমরা এখানে তাদের সেরাটা দেখতে চাই, তারা যতটা সম্ভব লিখুক।

4. আপনি কাজটির সম্পর্কে প্রাথমিক প্রশ্নের উত্তর দিতে পারেন, কিন্তু ধারনা পরামর্শ, ব্যাখ্যা করা থেকে বিরত থাকুন অথবা শিক্ষার্থীদের সহায়তা করা থেকে বিরত থাকুন।

5. শিক্ষার্থীরা অভিধান ব্যবহার করতে পারবে না অথবা তাদের লেখা সম্পূর্ণ করতে অন্য শিক্ষকদের থেকে সহায়তা নিতে পারবে না।

6. শিক্ষার্থীদের যতটা সম্ভব লেখার জন্য উৎসাহিত করতে হবে এবং প্রয়োজনে অতিরিক্ত পৃষ্ঠা দিতে হবে।



Updated: 8/23/2016

| নাম: | | বয়স: |
|---|---|---|
| তারিখ: | মাতৃ ভাষা: | |
| মার্কিন যুক্তরাষ্ট্রে আসার দিন: | নিজের দেশ: | |

তোমার লেখার শিরোনাম: ___________________________________

**নমুনা প্রম্পট**

এই কার্যক্রমের জন্য আপনার দেশের পছন্দের ছুটি/অনুষ্ঠানের সম্পর্কে লেখো। এর সম্পর্কে অন্তর্ভুক্ত/জানাও:

- ছুটি/অনুষ্ঠানের সম্পর্কে সমস্ত বিশদ বিবরণ
- কি কারণে ছুটি/অনুষ্ঠান উপভোগ্য  হয়ে ওঠে
- ছুটি/অনুষ্ঠান সম্পর্কে যদি তোমার কোনো স্মৃতি থেকে থাকে

তোমার পছন্দের ছুটি সম্পর্কে একটি বা দুটি অনুচ্ছেদ লিখতে নিচের খালি স্থান ব্যবহার করো:

তোমার লেখায় এগুলো যোগ করতে ভুলো না:

- ☐ যে ছুটি/অনুষ্ঠান তোমার দেশের লোকেরা উপভোগ করে
- ☐ ছুটি/অনুষ্ঠানের জন্য লোকেরা কী করে
- ☐ লোকেরা কোন ধরনের খাবার খায়
- ☐ ছুটি/অনুষ্ঠানটি কেন তোমার পছন্দের